

## জেএসসি শুরু ১ নভেম্বর

প্রাথমিক ২২ নভেম্বর

### যুগান্তর রিপোর্ট

আগামী ১ নভেম্বর জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হচ্ছে। আর ২২ নভেম্বর শুরু হবে প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা। প্রাথমিক ও জেএসসিতে এবার প্রায় ৫৪ লাখ শিক্ষার্থী অংশ নিচ্ছে। প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র জানায়, মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এক সভায় সমাপনী পরীক্ষার তারিখ চূড়ান্ত করা হয়। সভায় সভাপতিত্ব করেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোতাসফিজুর রহমান। প্রাথমিকে প্রায় ৩২ লাখ শিক্ষার্থী অংশ নিচ্ছে। এদিকে বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে জেএসসি (জনিয়র স্কুল সার্টিফিকেট) পরীক্ষা শুরু সংক্রান্ত এক সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। পরীক্ষা সূত্র ও নিরাপদে অনুষ্ঠানের ব্যাপারে রোববার বোর্ড চেয়ারম্যানদের বৈঠক হবে। এবার জেএসসিতে প্রায় ২২ লাখ শিক্ষার্থী অংশ নিচ্ছে বলে জানা গেছে।